দৈনিক জনকণ্ঠ

২৩/১১/২০০১

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১৮ কলাম ... ৪.....

# দেশে ৬টি কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবীতে স্মারকলিপি প্রেরণ

ঠাকুরগাঁও সংবাদদাতা ॥ মার্কিন যুক্তরাষ্ট্র ও ভারতের অনুসরণে এবং বাংলাদেশের কৃষির প্রেক্ষাপট ও যৌক্তিকতা বর্ণনা করিয়া দেশে আরও ৬টি কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য বাংলাদেশ কৃষিবিদ সমিতির সাবেক সাধারণ সম্পাদক ও হাজী দানেশ কৃষি কলেজের প্রাক্তন অধ্যক্ষ ইয়াসিন আলী, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভাইস চ্যান্সেলর ও ডীন অধ্যাপক ডঃ আবদুল হক ও শেরে বাংলা কৃষি কলেজের প্রাক্তন অধ্যক্ষ এ এইচএম মোশাররফ হোসেন ৯ জন মন্ত্রীর নিকট স্মারকলিপি প্রেরণ করিয়াছেন। কৃষি, শিক্ষা, মৎস্য পশু সম্পদ, খাদ্য, অর্থ, বন-পরিবেশ, আইন ও বিজ্ঞান প্রযুক্তি মন্ত্রণালয়ের মন্ত্রী এবং কৃষি প্রতিমন্ত্রীর নিকট পেশকৃত স্মারকলিপিতে কতিপয় আইনের ধারা ও উপধারা সংশোধনেরও সুপারিশ করা হইয়াছে।

বিশেষজ্ঞগণ জানান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রণীত বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্পে কৃষি কলেজের অবলুপ্তি বা প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ে বিদ্যমান কৃষি কলেজের আত্মীকরণের কোন প্রস্তাব নাই। অথচ হাজী দানেশ কৃষি কলেজ ও পটুয়াখালী কৃষি কলেজকে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আত্মীকরণ করা হইয়াছে। কৃষি বিশেষজ্ঞগণ বিভিন্ন যৌক্তিকতা বর্ণনা করিয়া একটি জাতীয়ভিত্তিক ও ৫টি কৃষি অঞ্চলভিত্তিক কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবী জানান। অঞ্চলসমূহ হইল, এক-রাজশাহী বিভাগীয় কৃষি অঞ্চল, তিস্তা পলি অঞ্চল ও হিমালয়ের পাদদেশে শিলা গঠিত পলি অঞ্চল। দুই-গঙ্গা বিধৌত পলি অঞ্চল ও লবণাক্ত সমৃদ্ধ দক্ষিণাঞ্চল। তিন-সামুদ্রিক অঞ্চল (ট্রপিক্যাল সেলিনিটি) অর্থাৎ বরিশাল অঞ্চল। চার-ব্রহ্মপুত্র ও মধুপুর গড় অঞ্চল এবং পাঁচ-সিলেট ও চট্টগ্রামের পলি ও পাহাড়ী অঞ্চল।

বিশেষজ্ঞগণ দিনাজপুর হাজী দানেশ কৃষি কলেজ ও পটুয়াখালী কৃষি কলেজকে কৃষি বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পৃথক স্থানে স্থাপনের দাবী জানান। উল্লেখ্য, এই দাবীর সমর্থনে অত্রাঞ্চলের লোকজনের ব্যাপক আন্দোলন ও একই দাবীতে তৎকালীন সংসদ হইতে জাতীয় পার্টির ওয়াক আউটকে অগ্রাহ্য করিয়া বিগত সরকার সংসদে কৃষি কলেজকে অবলুপ্তি করিয়া বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের আইন পাস করে। গত ৩১শে অক্টোবর ঠাকুরগাঁও বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন কমিটি স্থানীয় প্রেসক্লাবে আয়োজিত এক সুধী সমাবেশে এই ব্যাপারে প্রজ্ঞাপন জারি না করার জন্য বর্তমান সরকারের প্রতি আহবান জানান। কমিটি ঠাকুরগাঁয়ে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবীতে গণ-সংযোগ ও মানববন্ধনসহ বিভিন্ন কর্মসূচীও গ্রহণ করে।